গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৩ মে ২০১৮

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৬১.১৮- ৬৮২

বিষয় : "কক্সবাজার ডিএডি দপ্তরসহ কক্সবাজার ও কুয়াকাটা সৈকত আধুনিক স্থল-কাম নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "কক্সবাজার ডিএডি দপ্তরসহ কক্সবাজার ও কুয়াকাটা সৈকত আধুনিক স্থল-কাম নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভা গত ২১/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও অগ্নি) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/৫/২০১৮

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপপ্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৫। উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও অগ্নি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।
৫। মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "কক্সবাজার ডিএডি দপ্তরসহ কক্সবাজার ও কুয়াকাটা সৈকত আধুনিক স্থল-কাম নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব উন্নয়ন)<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১/০৫/২০১৮খ্রি: |
| সময় | : | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের খসড়া ডিপিপি'র বিভিন্ন অঙ্গের বিষয়ে মূল্যবান পরামর্শ প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। সভাপতির নির্দেশক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৪৯১৬.৮৪ লক্ষ টাকা (জমি-১০০০.০০ লক্ষ, পূর্ত- ২৩৩৩.৩৬ লক্ষ, সরঞ্জাম-৯৩৫১.৯৫ লক্ষ, আসবাবপত্র-৭২.৪২ লক্ষ, সিডি ভ্যাট-৯০৫.৭৯ লক্ষ, ফিজিক্যাল ও প্রাইস কনটিনজেন্সি-৯৭৫.৮৭ লক্ষ এবং রাজস্ব ২৭৭.৪৫ লক্ষ)। বাস্তবায়নকাল জুলাই'২০১৮ থেকে জুন'২০২০ পর্যন্ত। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের আরএডিপিতে অনুমোদিত প্রকল্প হিসেবে নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে রয়েছে প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগে জনগণের দোড়গড়ায় সেবা পৌঁছে দেয়া।

০৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি প্রস্তাবিত প্রকল্পের বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

| অর্থবছর | জিওবি | নিজস্ব অর্থ | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৬ | ৭ |
| অর্থবছর-১ (২০১৬-২০১৭) | ১৪৯১.৬৮ | - | - | ১৪৯১.৬৮ |
| অর্থবছর-২ (২০১৭-২০১৮) | ৪৪৭৫.০৫ | - | - | ৪৪৭৫.০৫ |
| অর্থবছর-৩ (২০১৮-২০১৯) | ৪৪৭৫.০৫ | - | - | ৪৪৭৫.০৫ |
| অর্থবছর-৪ (২০১৯-২০২০) | ৪৪৭৫.০৬ | - | - | ৪৪৭৫.০৬ |
| মোট | ১৪৯১৬.৮৪ | - | - | ১৪৯১৬.৮৪ |

০৪। প্রস্তাবিত প্রকল্পের খাতভিত্তিক ব্যয় বিবরণ নিম্নরুপ বলেও সভাকে জানানো হয়:

| ক্রমিক | অর্থনৈতিক কোড | অর্থনৈতিক সাব-কোড | খাত ভিত্তিক ব্যয়বিবরণ | মোট (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ১। | ৭০০০ | ৭০০০ | নির্মাণ ও পূর্ত | ২৩৩৩.৩৬ |
| ২। | ৬৯০০ | ৬৯০১ | ভূমি অধিগ্রহণ | ১০০০.০০ |
| ৩। | ৬৮০০ | ৬৮৫৩ | সরঞ্জাম | ৯৩৫৬.৯৫ |
| ৪। | | ৬৮২১ | আসবাবপত্র ও অন্যন্য | ৬৭.৪২ |
| ৫। | ৭৯০০ | ৭৯০১ | সিডি ভ্যাট | ৯০৫.৭৯ |
| ৬। | - | | ফিজিক্যাল ও প্রাইস কনটিনজেন্সি | ৯৭৫.৮৭ |
| | | | মোট মূলধন | ১৪৬৬৯.৩৯ |
| | | | সর্বমোট | ১৪৯১৬.৮৪ |

০৫। সভাপতি বলেন যে, কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার অন্তর্গত সেন্টমার্টিন এলাকা দেশে/বিদেশে ব্যাপক পরিচিত একটি পর্যটন স্পট। সেন্টমার্টিনে বিগত কয়েক বছরে বেশ কিছু সংখ্যক আবাসিক হোটেলসহ অন্যান্য প্রতিষ্ঠান গড়ে উঠেছে। প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক দেশি/বিদেশি পর্যটক স্থানটি ভিজিট করে থাকেন। ফলে দিন দিন এলাকাটির গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। সেন্টমার্টিনে কোন ফায়ার স্টেশন না থাকায় উক্ত এলাকা অগ্নি ঝুঁকির মধ্যে রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

০৬। আলোচনায় অংশ নিয়ে উপপ্রধান জানান যে, কক্সবাজার জেলাধীন ইনানী সি-বিচ এলাকায়ও দিন দিন শিল্প প্রতিষ্ঠান, ব্যবসা কেন্দ্র,আবাসিক ভবন, হোটেল ইত্যাদি গড়ে উঠছে। বর্তমানে বিদ্যমান উখিয়া এবং বি শ্রেণির কক্সবাজার ফায়ার স্টেশনের সাহায্যে ঐ এলাকার অগ্নিসহ অন্যান্য দুর্যোগ সঠিকভাবে মোকাবেলা করা সম্ভব নয়। এ অবস্থায় ইনানি সি-বিচ এলাকাতে ০১টি ফায়ার স্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ প্রসঙ্গে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি জানান যে, কক্সবাজার সি-বিচ এলাকার গুরুত্ব ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। কক্সবাজার জেলায় বর্তমানে হোটেলের সংখ্যা আনুমানিক ৪৫০টি । তন্মধ্যে বহুতল ভবন বিশিষ্ট হোটেলের সংখ্যা আনুমানিক ১০০টি। এ অবস্থায় হোটেলসহ অন্যান্য ভবনাদির অগ্নিসহ অন্যান্য দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে প্রস্তাবিত কক্সবাজার ও কুয়াকাটা আধুনিক ফায়ার স্টেশন নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে কক্সবাজার জেলায় ইতোমধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক জায়গা বরাদ্দ করা হয়েছে এবং বরাদ্দকৃত জায়গার মূল্য বাবদ ৫.০০ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। কুয়াকাটা ফায়ার স্টেশন করার জন্য জায়গা বরাদ্দ গ্রহণের বিষয়ে জোর প্রচেষ্টা অব্যাহত আছে বলেও তিনি জানান।

০৭। সভাপতি বলেন যে, প্রকল্পের পটভূমিতে কক্সবাজার সি-বিচ সম্পর্কে পরিসংখ্যান ছাড়া বক্তব্য উপস্থাপন করা হয়েছে। সি-বিচ সংক্রান্ত বিভিন্ন তথ্য যেমন বছরভিত্তিক দেশি/বিদেশী পর্যটকের সংখ্যা, পর্যটন খাতের রাজস্ব আয়, হোটেল-মোটেলের সংখ্যা ইত্যাদি ডিপিপি'তে উল্লেখ করা প্রয়োজন।

০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৮.১) প্রস্তাবিত প্রকল্পের পটভূমিতে কক্সবাজার এবং কুয়াকাটা সি-বিচ এর বার্ষিক পর্যটক সংখ্যা, বার্ষিক রাজস্ব আয়, বিচের দুর্ঘটনা উদ্ধার ইত্যাদি পরিসংখ্যান ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;

(৮.২) ডিপিপি'তে ভুলভাবে মুদ্রিত বানানসমূহ সংশোধন করা;

(৮.৩) প্রস্তাবিত কুয়াকাটা ফায়ার স্টেশনের জমি প্রাপ্তির বিষয়ে সর্বশেষ অগ্রগতির তথ্য ডিপিপি'তে সংযোজন করা;

(৮.৪) পুনর্গঠিত ডিপিপি ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা;

(৮.৫) ইনানি সি-বিচ এবং সেন্টমার্টিন এলাকার গুরুত্ব বিবেচনাক্রমে উক্ত দুই স্থানে আরো ০২টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে পৃথকভাবে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

(৮.৬) প্রস্তাবিত প্রকল্পে একটি ষ্টাডি ট্যুরের সংস্থান রাখা;

(৮.৭) বাজেট প্রাক্কলনে নতুন আর্থিক কোড প্রদান করা।

০৯। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.৫.২০১৮
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
সুরক্ষা সেবা বিভাগ।